

আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ এর আরও একটি নতুন ইউনিট চালু, জাতীয় গ্রিডে অতিরিক্ত ৩৬০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ।

গত ১১ জুন ২০১৭ তারিখে আশুগঞ্জ ৪৫০মেঃওঃ সিসিপিপি (নর্থ) প্রকল্পটি থেকে বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদন শুরু হয়েছে। এর ফলে গ্যাসভিত্তিক এই ইউনিট টি থেকে জাতীয় গ্রিডে অতিরিক্ত আরও ৩৬০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হচ্ছে। বর্তমানে আশুগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের ১১টি ইউনিট থেকে প্রায় এক হাজার ছয়শত ছাব্বিশ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন (নেট আউটপুট) সম্ভব হচ্ছে। বিদ্যুৎ কেন্দ্রের এই ইউনিটটি উৎপাদনে আসায় দেশের বিদ্যুৎ ঘাটতি কমিয়ে আনার পাশাপাশি জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করছেন বিদ্যুৎ কেন্দ্র কর্তৃপক্ষ।